

শাবিতে ১৪ ছাত্রের বহিষ্কার প্রত্যাহারে শিবিরের হুমকি

নিজস্ব প্রতিবেদক

মিশেটের শাহজাদপুরে বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় শাখা শিবিরের সভাপতি এহসানুল করিমসহ সংগঠনের ১৪ নেতাকে বিশ্ববিদ্যালয় থেকে আজীবন বহিষ্কারের ১১ তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছে ছাত্রশিবির। যদি অকিলাবে বহিষ্কারাদেশ প্রত্যাহার না করা হয়, তাহলে ছাত্রজনতাকে সঙ্গে নিয়ে কঠোর কর্মসূচি ঘোষণা করা হবে।

গতকাল এক বিবৃতিতে শিবিরের কেন্দ্রীয় সভাপতি আবদুল জব্বার ও নেত্রিকারি আতিকুর রহমান বলেন, কোনো অপরাধ না থাকার পরও শুধু ছাত্রশিবিরের রাজনীতির সঙ্গে জড়িত বলেই ১৪ নেতাকে বহিষ্কারের ঘটনায় ছাত্রজনতা বিক্ষিত। বিশ্ববিদ্যালয় প্রশাসন কতটা দলীয় মানোজবাপন্ন হয়ে এ সিদ্ধান্ত নিয়েছে, তা সর্বমুঠ বিশ্ববিদ্যালয়ের প্রত্যেক শিক্ষার্থী ভাঙা করে জানেন। এ বহিষ্কারাদেশ রাজনৈতিক উদ্দেশ্যেবোধিত।